

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 03-09-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM-SEMICONDUCTOR :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত একটি শক্তিশালী সেমিকন্ডাক্টর বাস্তব্যবস্থা তৈরি করছে, দেশকে তা আত্মনির্ভরশীল এবং বিশ্বজনীন প্রতিযোগিতার উপযোগী করে তুলবে। গতকাল নতুনদিল্লির যশোভূমিতে সেমিকন্ডাক্টর ইন্ডিয়া - ২০২৫ উদ্বোধনের পর ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী উল্লেখ করেন, বিশ্বব্যাপী সেমিকন্ডাক্টর বাজার ইতিমধ্যেই ছয়শ বিলিয়ন ডলারে পৌঁছেছে এবং আগামী বছরগুলিতে সেটি এক ট্রিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে বলে আশা করা হচ্ছে। তিনি আত্মবিশ্বাসের সঙ্গে জানান, ভারত এই বিশ্বব্যাপী সেমিকন্ডাক্টর বাজারের উল্লেখযোগ্য অংশের দখল নেবে। তিনি সেমিকন্ডাক্টর ইন্ডিয়ায় অংশগ্রহণকারী সবাইকে স্বাগত জানিয়ে বলেন, তারা উন্নত এবং স্বনির্ভর দেশ গঠনে ভারতের অভিযাত্রায় গুরুত্বপূর্ণ অংশীদার। উল্লেখ্য, প্রধানমন্ত্রী আজ অংশগ্রহণকারী সিইওদের গোলটেবিল বৈঠকেও যোগ দেবেন।

\*\*\*\*\*

**Governor :**

ত্রিপুরায় ত্রিস্তর পঞ্চায়েত প্রতিনিধিদের নিয়ে আগরতলার অরুন্ধতিনগরের স্টেট পঞ্চায়েত রিসোর্স সেন্টারে দুইদিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালা গতকাল সন্ধ্যায় শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেন, গ্রামীণ জনগনের আশা আকাংখা পূরণে গণতান্ত্রিক ব্যবস্থায় গ্রাম পঞ্চায়েতের ভূমিকা গুরুত্বপূর্ণ। তিনি তরুণ প্রজন্মকে গ্রাম ছেড়ে আসার প্রবণতা

দূর করতে গ্রাম পঞ্চায়েতগুলিকে কর্মসংস্থানের উদ্যোগ গ্রহণে আগ্রহ তৈরী করার উপর গুরুত্ব দেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েতমন্ত্রী কিশোর বর্মণ ও ভারত ইনিশিয়েটিভ ফাউন্ডেশনের অধিকর্তা নিরব কিশোর ভাই গিলানী বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

### **MWCD to Launch Guidelines :**

কেন্দ্রীয় মহিলা ও শিশু বিকাশ মন্ত্রক আজ নয়াদিল্লিতে স্কুলগুলির সঙ্গে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির সহ-অবস্থান সংক্রান্ত নির্দেশিকা চালু করবে। নির্দেশিকায় অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং স্কুলগুলির সহ-অবস্থানের মাধ্যমে সমন্বিত মডেলে শিশুদের প্রাথমিক পর্যায়ের যত্ন এবং শিক্ষার গুরুত্বের উপর জোর দেওয়া হবে। মন্ত্রক জানিয়েছে, ইতিমধ্যেই দুই লক্ষ নব্বই হাজারেরও বেশি অঙ্গনওয়াড়ি কেন্দ্রকে স্কুলগুলির সঙ্গে সহ-অবস্থানে নিয়ে আসা হয়েছে।

\*\*\*\*\*

### **Sudhanshu Das:**

মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, বর্তমান সরকার জনগণের আর্থিক উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। গ্রামীণ এলাকার মানুষকে পশুপালনে উৎসাহদানের পাশাপাশি তাদের জীবিকা ও আর্থিক উন্নয়নের পথও মজবুত করা হচ্ছে। গতকাল প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে তেলিয়ামুড়ার হাওয়াইবাড়িতে নবনির্মিত সহকারী পরিচালকের অফিস ভবন ও শূকর প্রজনন খামারের উদ্বোধন করে একথা বলেন তিনি। পশ্চিম হাওয়াইবাড়ি পঞ্চায়েত কমিউনিটি হলে আয়োজিত মূল অনুষ্ঠানে বিধানসভার মুখ্য সচিব কল্যাণী সাহা রায়ও বক্তব্য রাখেন। অনুষ্ঠানে পাঁচজন সুবিধাভোগীর হাতে প্রতীকীভাবে মোরগ ছানা তুলে দেন মন্ত্রী সুধাংশু দাস।

\*\*\*\*\*

## **KALA UTSAV:**

ভারত সরকারের "সমগ্র শিক্ষা অভিযান"এর আওতায় দু'দিনের ঊনকোটি জেলাভিত্তিক কলা উৎসব আজ শেষ হচ্ছে। গতকাল থেকে কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। মোট বারোটি বিভাগে ৩১৫ জন শিক্ষার্থী উৎসবে অংশ নিয়েছে।

\*\*\*\*\*

## **Durga puja Meeting:**

আসন্ন শারদোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে শান্তিরবাজারের মহকুমা শাসকের অফিসে মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, মহকুমা শাসক মনোজ কুমার সাহা, জোলাইবাড়ি ব্লকের বিডিও নবব্রত দত্ত, বগাফা ব্লকের বিডিও মনোজ পাল সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও পূজা উদ্যোক্তা বিভিন্ন সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন। মহকুমা এলাকায় শান্তিপূর্ণভাবে শারদোৎসবের আয়োজন করতে সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া।

\*\*\*\*\*

## **Puja Advance Salary :**

দুর্গাপূজা উপলক্ষে সরকারি কর্মচারীরা চলতি মাসের আগাম বেতন পাবেন। অর্থ দপ্তরের অবর সচিব দীনেশ দেববর্মা গত সোমবার এক বিজ্ঞপ্তি জারি করে জানান, ২৭শে সেপ্টেম্বর থেকে আগামী ৬ই অক্টোবর পর্যন্ত পূজার ছুটি থাকবে। এই কারণে পয়লা অক্টোবরের পরিবর্তে ২৬শে সেপ্টেম্বর বেতন দেওয়া হবে।

\*\*\*\*\*

## **SWSE Minister :**

আগামী ১০ অক্টোবর জেলাস্তরে এবং ১৪ অক্টোবর রাজ্যভিত্তিক আন্তর্জাতিক প্রবীণ দিবস পালন করা হবে। সচিবালয়ে গতকাল সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়ের পৌরহিত্যে এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস বৈঠকে জানান, আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে ৪টি ক্যাটাগরিতে প্রবীণদের সংবর্ধনা জ্ঞাপন করা হবে।

\*\*\*\*\*

## **Blood donation:**

ত্রিপুরা ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশনের নবম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল বোধজং নগর শিল্পনগরীতে স্বেচ্ছায় রক্তদান শিবির, স্বাস্থ্য শিবির ও মেধাবী ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। শিবিরের ৩৪ জন রক্তদান করেন।

\*\*\*\*\*

## **First Division:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতার সুপার লিগের সূচী ঘোষণা করা হয়েছে। সুপার লিগের প্রথম ম্যাচে ৫ সেপ্টেম্বর এগিয়ে চলো সংঘ খেলবে কল্যাণ সমিতির বিরুদ্ধে। দ্বিতীয় ম্যাচে ৬ সেপ্টেম্বর ব্লাডমাউথ ক্লাব ও নাইন বুলেটস ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। আগামী ১৪ সেপ্টেম্বর পর্যন্ত সুপার লিগের লড়াইয়ে আসরের চ্যাম্পিয়নশীপ চূড়ান্ত হবে। এদিকে, গতরাতে লিগের শেষ খেলায় খেলায় ফরোয়ার্ড ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে

অনুষ্ঠিত নিয়মবন্ধার খেলায় ফরোয়ার্ড ক্লাব ২-১ গোলে এগিয়ে চলো সংঘকে পরাজিত করে।

\*\*\*\*\*

## Weather:

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। গতকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৩.৮ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*